সংবাদ

তারিখ ... 24 JAN 2016 ...
পৃষ্ঠা ১০ ... কলাম ৬ ......

# ক্লাস পরীক্ষার দাবিতে ইবির একাডেমিক ভবনে তালা

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয় ক্লাস-পরীক্ষার দাবিতে মীর মশাররফ হোসেন একাডেমিক ভবনের উভয় গেটে তালা ঝুলিয়ে দেয় আইন ও মুসলিম বিধান বিভাগের শিক্ষার্থীরা। শনিবার সকাল সাড়ে ১০টার দিকে তালা লাগিয়ে দিয়ে তারা বিক্ষোভ করতে থাকে। এতে ভোগান্তিতে পড়ে ওই ভবনের ছয়টি বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। পরে শিক্ষকদের আশ্বাসে বেলা ১২টার দিকে আন্দোলনকারী শিক্ষার্থীরা তালা খুলে দেয়।

প্রত্যক্ষদর্শী ও বিভাগীয় সূত্রে জানা যায়, ক্লাস-পরীক্ষার দাবিতে শনিবার আইন ও মুসলিম বিধান বিভাগের শিক্ষার্থীরা মীর মশাররফ হোসেন একাডেমিক ভবনের প্রধান গেটে তালা লাগিয়ে দেয়। এ সময় তারা তালা লাগিয়ে ভবনটির ভিতরে বিক্ষোভ করতে থাকে তারা। প্রত্যক্ষদর্শীরা জানায়, শিক্ষার্থীরা ক্লাস-পরীক্ষার দাবিতে বিভিন্ন ধরনের স্লোগান দিতে থাকে। খবর পেয়ে বেলা ১১টার দিকে প্রক্টর প্রফেসর ড. মাহবুবর রহমানের নেতৃত্বে প্রক্টরিয়াল বোডি ঘটনাস্থলে পৌছে বিক্ষুব্ধ শিক্ষার্থীদের নিভৃত করার চেষ্টা চালায়। পরে বেলা পৌনে ১২টার দিকে প্রশাসনের অশ্বাসের প্রেক্ষিতে বিভাগীয় শিক্ষকরা ক্লাস-পরীক্ষা নেওয়ার ঘোষণা দিলে শিক্ষার্থীরা তালা খুলে দেয়। এবিষয়ে আইন বিভাগের সিনিয়র প্রফেসর ড. জহুরুল ইসলাম বলেন" প্রশাসনের প্রতিশ্রুতিতে শিক্ষার্থীদের শিক্ষাজীবনের কথাভেবে শিক্ষকরা ক্লাস-পরীক্ষায় অংশ নেওয়ার ঘোষণা দিয়েছে।

ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকার বলেন, 'বিভাগীয় শিক্ষকদের সঙ্গে ফলপ্রসূ আলোচনা হয়েছে। আশা করছি ভবিষ্যতে এরক কোন পরিস্থিতির সৃষ্টি হবে না।'

উল্লেখ্য, বিভাগের শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে শিক্ষখরা দুইট ভাগে বিভক্ত হয়ে পড়ে। প্রফেসর ড. জহুরুল ইসলামের নেতৃত্বে বিভঅগের অধিকাংশ শিক্ষক শিক্ষক নিয়োগ প্রক্রিয়া বাতিলের দাবিতে ক্লাস-পরীক্ষাসহ একাডেমিক কার্যক্রমে অংশ না নেওয়ার ঘোষণা দেন। অন্যদিকে বিভাগীয় সভাপতি প্রফেসর ড. শাহাজাহান মন্ডলের নৃেততে্ব শিক্ষকদের আরেকটি পক্ষ ক্লাস চালিয়ে যাওয়ার ঘোষণা দেয়। এতে চরম বিড়ম্বনার সম্মুখীন হয় শিক্ষার্থীরা।'